বিনোদন

# হানিয়া আমিরের ভিডিও ভাইরাল, নেটদুনিয়ায় তুমুল আলোচনা

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওকে কেন্দ্র করে নতুন করে আলোচনায় পাকিস্তানের জনপ্রিয় অভিনেত্রী হানিয়া আমির। ভাইরাল ভিডিওতে তার কণ্ঠস্বর জড়িয়ে যাওয়া, ঢুলুঢুলু চোখ ও কথাবার্তার ধরন দেখে নেটিজেনদের একাংশ নানা মন্তব্য করছেন। কেউ কেউ তাকে নেশাগ্রস্ত বলেও দাবি করেছেন। তবে এমন দাবির পক্ষে এখন পর্যন্ত কোনো নির্ভরযোগ্য প্রমাণ পাওয়া যায়নি।

ভাইরাল ভিডিওতে দেখা যায়, হ্যালোউইন উপলক্ষে চুলের সাজ নিয়ে ব্যস্ত হানিয়া। নিজের টিম ও হেয়ার স্টাইলিস্টের সঙ্গে কথা বলার সময় তাকে বেশ উচ্ছ্বসিত দেখা যায়। নিজের আসল চুল আড়াল করে উইগ পরানোর বিষয়েও স্টাইলিস্টকে নির্দেশ দিতে শোনা যায় তাকে।

ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পরই শুরু হয় নানা আলোচনা। ভিডিওতে অভিনেত্রীর কথা বলার ধরন ও অঙ্গভঙ্গি দেখে কেউ কেউ মাদক বা অ্যালকোহল গ্রহণের মতো বিভিন্ন দাবি তুলেছেন। তার ব্যক্তিগত আচরণ নিয়েও অনেকে মন্তব্য করেছেন।

তবে এসব দাবির সঙ্গে একমত নন হানিয়ার অনেক ভক্ত। তাদের মতে, ভিডিওতে এমন কোনো স্পষ্ট প্রমাণ নেই, যার ভিত্তিতে তাকে

নেশাগ্রস্ত বলা যায়। কেউ কেউ ধারণা করছেন, ঘুম থেকে ওঠার পর কিংবা কোনো অনুষ্ঠানের প্রস্তুতির সময় স্বাভাবিকভাবেই তাকে এমন দেখাতে পারে।

অনেক দর্শক আবার সামাজিক যোগাযোগমাধ্যমে তারকাদের স্বাভাবিক আনন্দ-উচ্ছ্বাসকে অতিরঞ্জিত করে বিতর্ক তৈরির সমালোচনা করেছেন। তাদের মতে, যথেষ্ট প্রমাণ ছাড়া কোনো ব্যক্তিকে মাদক বা অ্যালকোহল গ্রহণের সঙ্গে জড়ানো ঠিক নয়।

এদিকে ভিডিওটি কোথায় এবং কখন ধারণ করা হয়েছে, সে বিষয়েও এখন পর্যন্ত স্পষ্ট কোনো তথ্য পাওয়া যায়নি। ভাইরাল ভিডিও নিয়ে হানিয়া আমির বা তার দলের পক্ষ থেকেও কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।

বর্তমানে পাকিস্তানি অভিনেতা বিলাল আব্বাস খানের সঙ্গে □মেরি জিন্দেগি হ্যায় তু□ নাটকে অভিনয় করছেন হানিয়া আমির। ভাইরাল ভিডিওকে ঘিরে তৈরি হওয়া আলোচনা ও বিতর্কের মধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যমে তাকে নিয়ে নেটিজেনদের আগ্রহ অব্যাহত রয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**
অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



**সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা**
বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



### নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...

---



### হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল

ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/haniya-amirer-bhidio-bhairal-netduniyay-tumul-alochna